



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর



চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.৮৪

তারিখ: ২৪ মাঘ ১৪২৭

০৭ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: বিভিন্ন খাতে বিলি-বিতরণের জন্য রেল ও সড়ক পথে মোট ৫৭৬৭ মে.টন আমদানিকৃত সিঙ্ক চাল, বোরো'২০ আতপ ও আমন'২০-২১ আতপ চালের চলাচলসূচি

সূত্র: ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা এর ২০/১২/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০০০.৮৫.০০৮.২০.২১০৮ নং স্মারক

২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, দিনাজপুর এর ১৭/০১/২০২১ খ্রি. তারিখের ১৩.০১.২৭০০.০০৮.৫০.০০১.২১.৭ নং স্মারক

৩। ব্যবস্থাপক, তেজগাঁও সিএসডি এর ২৭/১২/২০২০ খ্রি. তারিখের ১৩.০২.২৬৮৪.০০৯.০১.০৩১.২০.২০৬৯ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা বিভাগের বিভিন্ন জেলায় আগামী মার্চ-এপ্রিল/২১ মাস পর্যন্ত খাদ্যবান্ধবসহ বিভিন্ন খাতে বিলি-বিতরণের ও আপতকালীন মজুত গড়ার লক্ষ্যে চালের সূচি জারির জন্য সূত্রস্থ ১ নং ও ৩ নং স্মারকে অনুরোধ করা হয়েছে। এছাড়া দিনাজপুর জেলাধীন পুলহাট এলএসডিতে ৫৮০.৩৮৯ মে.টন বোরো'২০ আতপ চালের মজুত রয়েছে। উক্ত জেলায় আতপ চালের কোন ভোক্তা না থাকায় জরুরিভিত্তিতে আতপ চাল ভোক্তা অঙ্গলে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রস্থ ২ নং স্মারকে অনুরোধ করা হয়েছে।

রংপুর, রাজশাহী ও ঢাকা বিভাগের যেসকল খাদ্য গুদামে সংগৃহীত বোরো'২০ ও আমন'২০-২১ আতপ চালের মজুত রয়েছে ঐ সকল এলএসডি/সিএসডি হতে চট্টগ্রাম বিভাগের বর্তমান মজুত বিবেচনায় এবং আপতকালীন মজুত গড়ে তোলার লক্ষ্যে বোরো'২০ ও আমন'২০-২১ আতপ চাল এবং তেজগাঁও সিএসডিতে বিভিন্ন খাতে বিলি-বিতরণের জন্য ও আপতকালীন মজুত গড়ার লক্ষ্যে দেওয়ানহাট ও হালিশহর সিএসডিতে আগত জাহাজ হতে খালাসকৃত আমদানিকৃত চালসহ রেল ও সড়ক পথে মোট ৫৭৬৭ মে.টন চালের চলাচলসূচি নিয়োক্ত নির্দেশনাবলি যথাযথভাবে পরিপালন শর্তে নির্দেশক্রমে জারি করা হলো।

আমদানিকৃত সিঙ্ক চাল এবং বোরো'২০ ও আমন'২০-২১ আতপ চালের রেল পথে চলাচলসূচিঃ

ক্র. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পথ	রুট	ঠিকাদারি প্রতিষ্ঠান	মন্তব্য
১.	চট্টগ্রাম	দেওয়ানহাট সিএসডি	ঢাকা	তেজগাঁও সিএসডি	২১০০	আমদানিকৃত সিঙ্ক চাল	রেল পথ	মেসার্স রিমি এন্টারপ্রাইজ	
২.	ঝি	হালিশহর সিএসডি	ঝি	ঝি	২১০০	ঝি	ঝি	ঝি	

৩.	দিনাজপুর	পুলহাট এলএসডি	চট্টগ্রাম	হালিশহর সিএসডি	৮৫৮	বোরো'২০/ আমন'২০-২১ আতপ চাল	ঞ	ঞ	জেখানি, দিনাজপুর আমবাড়ী এলএসডি-২০৫ মে.টন, ও চরকাই এলএসডি-১৫ মে.টন আমন'২০-২১ আতপ চাল পুলহাট এলএসডি তে সড়ক পথে পরিবহণ করে সরাসরি ওয়াগনে বোরাই করাবেন এবং পুলহাট এলএসডি র ৫৮০ মে.টন বোরো'২০ আতপ ও ৫৮ মে.টন আমন'২০-২১ আতপ চাল ওয়াগনে বোরাই করবেন
৪.	ঞ	দিনাজপুর সিএসডি	ঞ	ঞ	৭৩	আমন'২০-২১ আতপ চাল	ঞ	ঞ	
				মোট=	৫১৩১				

### সংগৃহীত আমন'২০-২১ আতপচালের সড়ক পথে চলাচলসূচিঃ

ক্র. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	চাঁপাইনবাবগ়	আমনুরা এলএসডি	চট্টগ্রাম	দেওয়ানহাট সিএসডি	৬০	আমন'২০-২১ আতপ চাল	সড়ক পথ	চসসা বিভাগ উপ- সূচি জারি করবেন
২.	নওগাঁ	নওগাঁ এলএসডি	ঞ	ঞ	২৬৮	ঞ	ঞ	
৩.	শেরপুর	নকলা এলএসডি	ঞ	ঞ	৩০	ঞ	ঞ	
৪.	জামালপুর	মেলানহ এলএসডি	ঞ	ঞ	১৬	ঞ	ঞ	
৫.	ময়মনসিংহ	ময়মনসিংহ সিএসডি	ঞ	ঞ	২৩	ঞ	ঞ	
৬.	ঞ	তারাকান্দা এলএসডি	ঞ	ঞ	২১৬	ঞ	ঞ	
৭.	কিশোরগঞ্জ	করিমগঞ্জ এলএসডি	ঞ	ঞ	২৩	ঞ	ঞ	
				মোট =	৬৩৬			
				সর্বমোট =	৫৭৬৭			

### নির্দেশনাবলি:

১। এই সূচি বাস্তবায়নের ক্ষেত্রে খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচলসূচি প্রণয়ন নীতিমালা ২০০৮ অনুসরণ করতে হবে।

২। 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর কর্তৃক স্বাক্ষরিত [১১/০৫/২০১৯](#) খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত জরুরি নির্দেশনা' বিষয়ক [১৮/০৫/২০২০](#) খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৩৫৪ নং স্মারকের পত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে;

৩। সূচির আওতায় প্রেরিতব্য খাদ্যশস্যের বস্তায় প্রযোজ্য ক্ষেত্রে অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ এবং খাদ্য অধিদপ্তরের [০৯/০৫/২০১৯](#) খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৭.০০২.০৯.৯৯৮ নং স্মারকে নির্দেশনা অনুযায়ী সাইলো/ওয়্যারহাউজ বা এলএসডি/সিএসডি তে চুক্তিবদ্ধ মিলার কর্তৃক সরবরাহকৃত খাদ্যশস্যের বস্তার অপর পৃষ্ঠে ডিজিটাল প্রিন্ট স্টেম্পিলের স্পষ্ট ছাপ প্রদান নিশ্চিত করতে হবে; স্টেম্পিলবিহীন খাদ্যশস্য পরিবহণ করতে ঠিকাদারগণ বাধ্য নহেন;

৪। সূচির বিপরীতে প্রেরিতব্য খাদ্যশস্য সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক / উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি) কর্তৃক যাচাইকৃত হতে হবে এবং সংগৃহীত খাদ্যশস্যের মৌসুম, গুণগতমান ও আর্দ্রতা সুস্পষ্টভাবে ইনভয়েসে উল্লেখ করতে হবে এবং সংশ্লিষ্ট জেখানির বিশেষ তদারকি/নজরদারিতে খাদ্যশস্য প্রেরণ করতে হবে;

৫। চলাচল সূচির আওতায় কোন কীটাক্রান্ত (জীবিত/মৃত) খাদ্যশস্য প্রেরণ করা যাবে না। সূচিতে উল্লিখিত সংশ্লিষ্ট পণ্য প্রকার ও ওয়ারেন্টি মোতাবেক প্রেরণ করতে হবে; প্রতিটি ট্রাক-এ প্রেরিত চালের ভৌত বিশ্লেষণ রিপোর্ট ও নমুনা অবশ্যই যৌথ স্বাক্ষরে সিলগালা করে ঠিকাদার/প্রতিনিধির নিকট দিতে হবে। পরিবহণকৃত খাদ্যশস্যের সাথে নমুনার মিল না থাকলে কিংবা পথিমধ্যে খাদ্যশস্য ও বস্তা পরিবর্তন করে প্রাপক কেন্দ্রে আনা হলে সংশ্লিষ্ট ঠিকাদার দায়ী থাকবেন এবং দায়ী ঠিকাদারের বিরুদ্ধে চুক্তিপত্র মোতাবেক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে;

৬। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রযোজ্য ক্ষেত্রে (সাইলো অধীক্ষক/জেখানি/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/এসএমও/উখানি/ভাকক) খাদ্যশস্য পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম হলে বা সমস্যার উভ্যে হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাংক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে ভৱিত অবহিত করবেন;

৭। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাবেন এবং এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ (সাইলো অধীক্ষক/জেখানি/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/এসএমও/উখানি/ভাকক) সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথখাতে প্রদর্শন করা যাবে না; ভি-ইনভয়েসে পণ্যের গুণগতমান ও ধরন সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে;

৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে;

৯। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপক কেন্দ্র খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি অনুযায়ী ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্সযোগে সূচি প্রণয়নকারী কর্তৃপক্ষ ও ডিডিও এর নিকট প্রেরণ করবেন;

১০। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্ত

জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন;

১১। সূচির মেয়াদ আগামী ১৬/০২/২০২১ খ্রি. তারিখ পর্যন্ত বলবৎ থাকবে;

১২। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রযোজ্য ক্ষেত্রে চুক্তিপত্র মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। অপরিবাহিত খাদ্যশস্য জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি অথবা বোর্ডাইকেন্দ্রে পরিবহণযানসহ উপস্থিত আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে;

১৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮/০৬/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক এই সূচি, উপসূচি, ডিআরটিসি সূচি Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে জারি করতে হবে।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে



৭-২-২০২১

মোঃ ফজলে রাবী হায়দার  
উপপরিচালক

প্রাপক :

- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রংপুর
- ২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী
- ৩) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা
- ৪) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম
- ৫) জেলা খাদ্য নিয়ন্ত্রক, দিনাজপুর, রংপুর
- ৬) জেলা খাদ্য নিয়ন্ত্রক, নওগাঁ, রাজশাহী
- ৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক, চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী
- ৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ, ঢাকা
- ৯) জেলা খাদ্য নিয়ন্ত্রক, শেরপুর
- ১০) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জামালপুর, ঢাকা
- ১১) জেলা খাদ্য নিয়ন্ত্রক, কিশোরগঞ্জ, ঢাকা
- ১২) জেলা খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম
- ১৩) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.৮৮/১(১০)

তারিখ: ২৪ মাঘ ১৪২৭  
০৭ ফেব্রুয়ারি ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) পরিচালক (ট্রাফিক), পরিচালক (ট্রাফিক)-এর দপ্তর, বাংলাদেশ রেলওয়ে
- ৭) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক, .....
- ৯) ব্যবস্থাপক ..... সিএসডি
- ১০) ভারপ্রাপ্ত কর্মকর্তা ..... এলএসডি



৭-২-২০২১

মোঃ ফজলে রাক্তী হায়দার

উপপরিচালক